রঘুনাথগঞ্জ শাখায়

মাত্র ৭৫৲ টাকায় রেডিও

বাকী টাকা কিস্তিতে দেয়

ইলেকট্রনিকের সকল রকম

ট্রানজিষ্টার রেডিওতে নগদ ক্রেতাদের

বিশেষ কনশেসন

ধনরাজ পিপাড়া

রঘুনাথগঞ্জ (সদরঘাট), মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১২ই পৌষ বুধবার, ১৩৭৩ ইং 24th. Dec. 1966 { ২৮-শ সংখ্যা



সকল ঘরের তরে...

দীপ্তি লন্ঠন

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

• ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।

• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।

• যে কোনো অংশ সহজলভ্য।



খাস জনতা

কেরোসিন কুকার

দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

খেলা ঘর

স্কুল কলেজের নানাপ্রকার খেলাধুলার সরঞ্জাম, সর্ব্বপ্রকার প্রসাধন সামগ্রী ও চা বিস্কুট পাইবেন। পরীক্ষা প্রার্থনীয়।

কর্ম্মাধ্যক্ষ—খেলা ঘর

রঘুনাথগঞ্জ চাউলপটী, মুর্শিদাবাদ




স্কুল, কলেজ ও পাঠাগারের মনের মত ভাল বই সবচেয়ে সুবিধায় কিনুন।

STUDENTS' FAVOURITE

Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১২ই পৌষ বুধবার সন ১৩৭৩ সাল।

## দেশের দশা

—•—

স্বাধীনতা প্রাপ্তির বিংশতিতম বর্ষের পদধ্বনি শোনা যাইতেছে। আজও এ ভারত ভূমিতে সন্ত্রাসের রাজ্য চলিতেছে। সুদীর্ঘ এই উনবিংশ বর্ষকাল দেশের মানুষের স্বেচ্ছাচার দমন করিতে বা আইন ও শৃঙ্খলা রক্ষার্থে সহস্র সহস্র রাউণ্ড গুলি বর্ষণ করা হইয়াছে। লাঠি চালনার হিসাব সংখ্যাতীত। যুবক-বৃদ্ধ এমন কি শিশু ও নারীও আইন ও শৃঙ্খলার বলি হইয়াছে। কাগজের পৃষ্ঠার উপর এই করুণ ও লজ্জাকর কাহিনী লিপিবদ্ধ করিতে আমাদিগের লজ্জা হয়। যদি কখন কোন বৈদেশিক একবার ভুলিয়াও এই লেখাটুকুর প্রতি দৃষ্টিপাত করেন তবে সমগ্র দেশের মান ধূলি লুণ্ঠিত হইবে। আমরা নিশ্চিত বলিতে পারি আমাদিগের সরকার আইন ও শৃঙ্খলা রক্ষার্থে যে বর্ব্বরোচিত আচরণ করিয়াছেন, তাহারই অবশ্যম্ভাবী ফলস্বরূপ নিত্য নৈমিত্তিক দৈনিক পত্রিকার সংবাদে শ্রেষ্ঠ স্থান অধিকার করিয়াছে আরক্ষা-বাহিনী ও জনসাধারণের মধ্যে দ্বন্দ্বযুদ্ধ আইনের দিক হইতে বিচার করিলে আমাদের সরকারকে এক বিজাতীয় সরকার বলিয়া ভ্রম হইবে। মহামান্য বিচারপতিগণ দৃপ্ত কণ্ঠে ঘোষণা করিতেছেন দেশে আইন আছে বিচার নাই। আইন ও বিচারকে ঘিরিয়া সাধারণ মানুষের এতকালের সঞ্চিত সংস্কার বিনষ্ট হইয়া যাইতেছে। বিচার প্রহসনে পরিণত হইয়াছে। সমগ্র শাসন ব্যবস্থাটায় ঘুণ ধরিয়াছে। স্পষ্ট ভাষায় জাতীয় নেতাদেরই আমরা ইহার জন্য দায়ী করিব। ক্ষমতাসীন এই সকল নেতা যাহারা দেশের হিতার্থে যাহা করিতে চাহিয়াছেন, তদপেক্ষা অনেক বেশী করিতে চাহিয়াছেন আপনার স্বার্থ। ইহাদের স্বার্থান্বেষী মনোভাব, অসাধুতা, বিলাসিতা সমগ্র দেশ ও জাতিকে অবর্ণনীয় প্রভাবে প্রভাবিত করিয়াছে। বিচারালয় হইতে শিক্ষা প্রতিষ্ঠান পর্য্যন্ত সর্বত্রই এই সকল স্বার্থান্বেষী আপনাদিগের প্রভাব কার্য্যকরী করিতে চাহিতেছেন। ইহার অবশ্যম্ভাবী ফল বর্ত্তমান রাষ্ট্র পরিচালন ব্যবস্থার রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতি। সামগ্রিকভাবে নেতাদের দুর্নীতিপরায়ণ, সর্ব্বস্বাপহারক, বিলাসী বলিয়া আখ্যাত করিলে কিছুমাত্র অন্যায় করা হইবে না। একবার ভাবিয়া দেখুন—কত মাতা তাঁহাদিগের সন্তান দিয়াছেন, কত সতীর সিমন্তের সিন্দুর তোমাদিগের গণতন্ত্ররূপ স্নেহ করস্পর্শে মুছিয়া গিয়াছে। কত পরিবার হারাইয়াছে তাহাদিগের একমাত্র উপার্জ্জনকারীকে।

---

## মেধাবৃত্তি

পশ্চিমবঙ্গের শিক্ষা-অধিকর্ত্তা জানিয়েছেন যে, ভারত সরকারের শিক্ষামন্ত্রক পশ্চিমবঙ্গের প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকশিক্ষিকাদের পুত্র-কন্যাদের ১৯৬৬-৬৭ সালের মেধাবৃত্তি প্রদানের জন্য ছাত্রছাত্রীদের নির্বাচিত করেছেন। বৃত্তির মেয়াদ প্রথমে এক শিক্ষাবর্ষকাল, পরে তাদের পড়াশোনা শেষ হওয়া পর্যন্ত বৃত্তিদানের শর্ত্তাবলী সাপেক্ষে বৎসরে বৎসরে এই বৃত্তির নবীকরণ করা হবে। বৃত্তিপ্রদান সংক্রান্ত আনুষ্ঠানিক পত্র ও অন্যান্য কাগজপত্র যে-সব শিক্ষালয়ে ঐ ছাত্রছাত্রীরা এখন পড়ছেন সেখানকার প্রধান শিক্ষক/শিক্ষিকার কাছে পাঠিয়ে দেওয়া হচ্ছে। কাগজপত্রগুলি যথাযথভাবে পূরণ করে পাঠালে পশ্চিমবঙ্গের শিক্ষাদপ্তর বৃত্তির টাকা দেওয়ার ব্যবস্থা করবেন।

পশ্চিমবঙ্গের মধ্যশিক্ষা-পর্ষদের ১৯৬৬র উচ্চতর মাধ্যমিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মুর্শিদাবাদ জেলার মেধাবৃত্তিপ্রাপ্তদের নাম:—গোপালচন্দ্র সাহা, সৈদাবাদ মণীন্দ্রচন্দ্র বিদ্যাপীঠ, মুর্শিদাবাদ। নির্মলকুমার চট্টোপাধ্যায়, কান্দীরাজ হাই স্কুল, কান্দী, মুর্শিদাবাদ।

---

## হর মা দুর্গতি

ওমা ভগবতী হর মা দুর্গতি
করেছে দুর্গতি ভর।
অভাবে অনটনে সমস্যা নিপীড়নে,
কাঁপে হিয়া থর থর।
অর্থাভাবে অন্নাভাবে
কাটে মোদের দিন।
শান্তি সুখ তিরোহিত দুঃখ দৈন্য উপনীত
বাজিছে বিষাদ বীণ।
অমানুষ দানবে ভরে
গেছে দেশ যে রে।
ক্ষুধার অন্ন মুখের গ্রাস,
নিচ্ছে যে মা কেড়ে।
অসুর নিধনে হয়েছে জনম,
কর মা পালন তোমার ধরম।
ভারতে এসেছে পুনঃ ফিরিয়া সেদিন,
দনুজদলনীরূপে হও মা আসীন।
অন্নপূর্ণা মা যাদের
দুঃখ কি মা সাজে তাদের
ভরিয়ে দে মা শূন্য ঝুলি—
হোক অবসান আর্ত্তনাদের।
কেটে যাক দুঃখের আঁধার
আশার আলো উঠুক ফুটে।
এই কামনা করি মাগো—
তোর ঐ রাঙা চরণ পুটে।

---

## বধিরদের জন্য ক্ষুদে শ্রবণ যন্ত্র

দৈহিক ও ইন্দ্রিয়গত অক্ষমতা পুরণের জন্য বর্তমানে নানারকম সরঞ্জাম পাওয়া যায়। বধিরদের কাছে শ্রবণযন্ত্র একান্ত অপরিহার্য কিন্তু এই যন্ত্র ধারণকারী অনেকেই সেটি লোকচক্ষুর অন্তরালে রাখতে চেষ্টা করেন। এদের জন্য পশ্চিম জার্মানীতে যে শ্রবণযন্ত্র বেরিয়েছে তার ওজন মাত্র ৩.৫ গ্রাম। এই অতি ক্ষুদ্র যন্ত্রের মধ্যে আছে একটি ব্যাটারি, একটি মাইক্রোফোন, একটি ট্রানজিষ্টার, একটি শব্দ নিয়ন্ত্রক ও একটি শব্দ পরিবর্তন যন্ত্র। নির্মাতারা জানাচ্ছেন যে ভবিষ্যতে আরও যে ছোট শব্দযন্ত্র তৈরী হবে তা কারুর চোখে পড়বে না।

## পরলোকগমন

—•—

এক মাসের মধ্যে আমাদের জানাশোনা অনেকগুলি মহাপ্রাণী ইহধাম ত্যাগ করিয়া পরলোকগমন করিয়াছেন। নিম্নে তাঁহাদের কয়েক জনের খবর দিলাম।

জঙ্গিপুর হাই স্কুলের অবসরপ্রাপ্ত অস্থায়ী প্রধান শিক্ষক শ্রীপশুপতি চক্রবর্ত্তী মহাশয়ের সহধর্ম্মিণী বীণাপাণি দেবী বিগত ২৪শে অগ্রহায়ণ শনিবার কলিকাতা বেঙ্গল নার্সিং হোমে পরলোকগমন করিয়াছেন। মৃত্যুকালে তিনি স্বামী, দুই পুত্র, দুই কন্যা ও অনেকগুলি নাতিনাতিনী রাখিয়া গিয়াছেন। তাঁহার নশ্বরদেহ কলিকাতা নিমতলা শ্মশানে দাহ করা হয়। তাঁহার সুযোগ্য পুত্রদ্বয় কর্ত্তৃক শ্রাদ্ধাদি ক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন হইয়াছে।

রঘুনাথগঞ্জের কবিরাজ অবনীকুমার সেন মহাশয় পরলোকগমন করিয়াছেন। তিনি নিঃসন্তান ছিলেন। তাঁহার ভ্রাতুষ্পুত্র শ্রীননীগোপাল সেন অন্ত্যেষ্টি ও শ্রাদ্ধাদি-ক্রিয়া সুসম্পন্ন করিয়াছেন।

জঙ্গিপুর রেজেষ্ট্রী অফিসের দলিল-লেখক বালিঘাটা নিবাসী দুলালচন্দ্র মুখোপাধ্যায় মহাশয় পরলোকগমন করিয়াছেন। তাঁহার পুত্রদ্বয় পারলৌকিক ক্রিয়াদি সুসম্পন্ন করিয়াছেন।

সাগরদীঘি থানার নাচনা গ্রামের জাফর হোসেন গুল সাহেবের মৃত্যু হইয়াছে। তিনি বিধবা স্ত্রী, পাঁচ পুত্র, চারি কন্যা ও বহু আত্মীয়স্বজন রাখিয়া গিয়াছেন। তাঁহার পুত্রগণ সকলেই সুশিক্ষিত।

রঘুনাথগঞ্জের স্বর্ণশিল্পী নারায়ণচন্দ্র পাল মহাশয় পরলোকগমন করিয়াছেন। তিনি মৃত্যুকালে বিধবা স্ত্রী, একপুত্র ও তিনটী কন্যা রাখিয়া গিয়াছেন।

উপরোক্ত ভদ্র মহিলা ও ভদ্রলোকগণের পরলোকগত আত্মার প্রতি বিশেষ শ্রদ্ধা জ্ঞাপন করিয়া তাঁহাদের শান্তি কামনা করিতেছি।

---

## রঘুনাথগঞ্জ ও মির্জ্জাপুর চাউলের বাজারে বর্ত্তমানে আছাঁটা চাউল ১ টাকা ২৮ পয়সা, ছাঁটা চাউল ১ টাকা ৩০ পয়সা হইতে ১ টাকা ৩৪ পয়সা কে-জি দরে বিক্রয় হইতেছে।

***মিউনিসিপ্যাল এলাকায় মডিফাইড রেশন দোকানে গম—৬২ পয়সা, চাউল ১ টাকা ৩৬ পয়সা ও চিনি ১ টাকা ৪১ পয়সা কে-জি দরে দাম লওয়া হইতেছে।***

---

### বর্ত্তমানে তরিতরকারীর দর

জঙ্গিপুর ও রঘুনাথগঞ্জের তহবাজারে আলু ৬০ পয়সা হইতে ৭০ পয়সা, বেগুণ ৩৭ পয়সা হইতে ৪০ পয়সা, কাঁচা পেঁপে ৩০ পয়সা হইতে ৪০ পয়সা, টম্যাটো ৫০ পয়সা হইতে ৬০ পয়সা, পালং শাক ৪০ পয়সা হইতে ৫০ পয়সা, বাঁধাকপি ৫০ পয়সা হইতে ৬০ পয়সা কে-জি দরে বিক্রয় হইতেছে।

মাছ ছোট পোনা ৪ টাকা হইতে ৫ টাকা, বাচা, বাঁশপাবতা, খয়রা, পিউলি ৫ টাকা থেকে ৫.৫০ টাকা, ইলিশ ৭ টাকা থেকে ৭.৫০ টাকা। মাংস ৫.৫০ টাকা কে-জি এবং হাঁসের ডিম প্রতিটী ২৫ পয়সা দরে বিক্রয় হইতেছে।

---

### বাড়ী বিক্রয়

জঙ্গীপুর বাবুবাজারে ৺পুলিন সাহার বসত বাড়ীর সম্মুখে দোতলা পাকা বাড়ী বিক্রয় আছে। আমার সঙ্গে যোগাযোগ করুন।

শ্রীগণেশচন্দ্র চট্টোপাধ্যায়, এ্যাডভোকেট
পোঃ জঙ্গীপুর (মুর্শিদাবাদ)

---

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্ব্বসাধারণের অবগতির জন্য জানাইতেছি যে সাগরদীঘি থানার মৌজা নওপাড়া মধ্যে শ্রীমতী ভবেশভাবিনী দেবীর কোন সম্পত্তি নাই। ঐ মৌজায় কিছু পরিমাণ জমি ভুলক্রমে তাঁহার নামে রেকর্ড হইয়াছে। কিন্তু উক্ত সম্পত্তিতে কোনদিন তাঁহার সত্ত্ব দখল ছিল না বা এখনও নাই। জনৈক কুচক্রীর পরামর্শে শ্রীভবেশভাবিনী দেবী তাঁহার নামে ভুল রেকর্ডের সুযোগ লইয়া উক্ত মৌজার উক্ত সম্পত্তি বিক্রয় করিতে উদ্যতা হইয়াছেন। যদি কেহ উক্ত সম্পত্তি খরিদ করেন তবে তিনি নিজ দায়িত্বে তাহা করিবেন। এখন তাঁহার বয়স ৮০ বৎসরের উর্দ্ধে। বর্ত্তমানে তাঁহার কোনরূপ বৈষয়িক চিন্তাশক্তি নাই। সুতরাং এমত অবস্থায় যদি কেহ স্বেচ্ছায় বিপদের ঝুঁকি লইয়া উক্ত সম্পত্তি খরিদ করেন তবে উক্ত সম্পত্তির স্বত্ব-দখলকার নিম্নস্বাক্ষরকারী তাহাতে বাধ্য থাকিবেন না।

শ্রীকামাখ্যাপদ মুখার্জ্জী
সাং নওপাড়া।

---

### প্রাথমিক শেষ পরীক্ষার ফলাফল—১৯৬৬

বহরমপুর, ১৯৬৬ সালের নভেম্বরে প্রাথমিক শেষ পরীক্ষা গৃহীত হইয়াছিল তাহার ফলাফল গত ২৬শে ডিসেম্বর প্রকাশিত হইয়াছে। পাশের হার ৮৭.৬৫। নিম্নে ফলাফলের তালিকা প্রদত্ত হইল।

| | বালক | বালিকা | মোট |
|---|---|---|---|
| পরীক্ষার্থীর সংখ্যা— | ১৪৬৯৩ | ৬৬২৪ | ২১৩১৭ |
| পরীক্ষায় বসিয়াছিল— | ১৪৪৯৪ | ৬৫১২ | ২১০০৬ |
| পাশ ১ম বিভাগ— | ৩৫০৫ | ১৬৬৬ | ৫১৭১ |
| „ ২য় বিভাগ— | ৩৭৭৯ | ১৭৮১ | ৫৫৬০ |
| পাশ বিভাগ— | ৫৫১৭ | ২৪৩৮ | ৭৯৫৪ |
| মোট পাশ— | ১২৮০১ | ৫৮৮৫ | ১৮৬৮৬ |

---

### কেরাণী আবশ্যক

অফিসের কাজে অভিজ্ঞ বি-এ পাশ একজন কেরাণী সত্বর প্রয়োজন। গ্রেড—৬০—৫—১০০ টাকা তদুপরি অন্যান্য ভাতা। ২৮-১২-৬৬

শ্রীপ্রাণগোপাল চট্টোপাধ্যায়, চেয়ারম্যান
জঙ্গিপুর মিউনিসিপ্যালিটী।



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

**আমলা** কেশ

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



---

অম্বলের যম **আরকানা** অম্বলের যম

অম্লশূল, পিত্তশূল, টক-বমি, অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, লিভার ব্যথা ও যাবতীয় পেটবেদনায় আশু ফলপ্রদ সকল সম্ভ্রান্ত ঔষধালয়ে পাইবেন।

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও**
**সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

---

সব রকমের মোটর গাড়ীর স্পেয়ার পার্টস পেতে হলে একবার জঙ্গীপুর রোড বার্মা শেল পেট্রোল পাম্প সন্নিকটবর্ত্তী

**চৌধুরী মোটরস্‌-এ**

আসুন।

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিনীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

পণ্ডিত-প্রেসে পাইবেন।

---

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।
বার্ষিক মূল্য ২.২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৭ নঃ পঃ।
বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।
শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।